[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং ৫১.০১.০০০০.০১৩.৯৬.০০২.২৪-৪৭

তারিখ : ২৩ এপ্রিল ২০২৫ খ্রি.
১০ বৈশাখ ১৪৩২ ব.

প্রেরক : উপপরিচালক (কাবিখা-৩)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : চিফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬, আ. গণি রোড, ঢাকা।

বিষয়: **২০২৪-২০২৫ অর্থ বছরের কক্সবাজার জেলার ০৯ (নয়) টি উপজেলায় "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি প্লাস (ইজিপিপি$^{+}$)" বাস্তবায়নে ১৪৯০১০১-১২০০০১৯২২-ইজিপিপি$^{+}$ বিশেষ অনুদান-৩৬৩১১০৭ খাতে সংস্থানকৃত ১৩,০০,০০,০০০/- (তের কোটি) টাকা হতে প্রশাসনিক ব্যয় হিসেবে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার ভ্রমণ-জ্বালানী ব্যয়, ট্যাগ অফিসারদের সম্মানী এবং ইউনিয়ন কমিটির আনুষংগিক ব্যয় বাবদ মোট ৬,৪২,০০০/- (ছয় লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান।**

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৪২১.১৪.০৭৩.২২.৮০, তারিখ : ২১.০৪.২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৪-২০২৫ অর্থ বছরে কক্সবাজার জেলার ০৯ (নয়) টি উপজেলায় "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি প্লাস (ইজিপিপি$^{+}$)" বাস্তবায়নে মোট ৪১ (একচল্লিশ) দিনের কাজ সম্পাদনের নিমিত্ত ১৪৯০১০১-১২০০০১৯২২-ইজিপিপি+ বিশেষ অনুদান-৩৬৩১১০৭ খাতে সংস্থানকৃত ১৩,০০,০০,০০০/- (তের কোটি) টাকা হতে প্রশাসনিক ব্যয় হিসেবে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের ভ্রমণ-জ্বালানী ব্যয়, ট্যাগ অফিসারদের সম্মানী এবং ইউনিয়ন কমিটির আনুষংগিক ব্যয় বাবদ ৬,৪২,০০০/- (ছয় লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা কক্সবাজার জেলার সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকুলে নিম্নোক্ত ছক মোতাবেক বরাদ্দ প্রদান করা হলো:

| নং | বিভাগের নাম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়ন সংখ্যা | জ্বালানী ও ভ্রমণ, সম্মানী এবং আনুষংগিক ব্যয় | | | | সর্বমোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ট্যাগ অফিসারের সম্মানী | ইউনিয়ন কমিটির আনুষংগিক ব্যয় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | চট্টগ্রাম | কক্সবাজার | চকরিয়া | ১৮ | ১২,০০০/- | ১২,০০০/- | ৩৬,০০০/- | ৭২,০০০/- | ১৩২০০০/- |
| | | | সদর | ৫ | ১২,০০০/- | ১২,০০০/- | ১০,০০০/- | ২০,০০০/- | ৫৪০০০/- |
| | | | ঈদগাঁও | ৫ | ১২,০০০/- | ১২,০০০/- | ১০,০০০/- | ২০,০০০/- | ৫৪০০০/- |
| | | | কুতুবদিয়া | ৬ | ১২,০০০/- | ১২,০০০/- | ১২,০০০/- | ২৪,০০০/- | ৬০০০০/- |
| | | | মহেশখালী | ৮ | ১২,০০০/- | ১২,০০০/- | ১৬,০০০/- | ৩২,০০০/- | ৭২০০০/- |
| | | | পেকুয়া | ৭ | ১২,০০০/- | ১২,০০০/- | ১৪,০০০/- | ২৮,০০০/- | ৬৬০০০/- |
| | | | রামু | ১১ | ১২,০০০/- | ১২,০০০/- | ২২,০০০/- | ৪৪,০০০/- | ৯০০০০/- |
| | | | টেকনাফ | ৬ | ১২,০০০/- | ১২,০০০/- | ১২,০০০/- | ২৪,০০০/- | ৬০০০০/- |
| | | | উখিয়া | ৫ | ১২,০০০/- | ১২,০০০/- | ১০,০০০/- | ২০,০০০/- | ৫৪০০০/- |
| | | মোট = | | ৭১ | ১,০৮,০০০/- | ১,০৮,০০০/- | ১,৪২,০০০/- | ২,৮৪,০০০/- | ৬,৪২,০০০/- |

**সর্বমোট = ৬,৪২,০০০/- (ছয় লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা মাত্র**

২। এ অর্থ ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট কোট নং-১৪৯০১০১-১২০০০১৯২২-অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি প্লাস (ইজিপিপি$^{+}$)-৩৬৩১১০৭ বিশেষ অনুদান কোড হতে নির্বাহ করা হবে।

৩। সংশ্লিষ্ট জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার/উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার বরাবর অথরিটি প্রেরণ করার জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা-কে অনুরোধ করা হলো।

৪। ২০২৪-২০২৫ অর্থ বছরে ইজিপিপি প্লাস কর্মসূচির উপকারভোগীদের শ্রম মজুরি G2P পদ্ধতিতে পরিশোধ করা হবে বিধায় প্রত্যেক উপকারভোগীর নিজস্ব মোবাইল একাউন্ট থাকতে হবে। উক্ত মোবাইল নম্বরটি সংশ্লিষ্ট উপকারভোগীর জাতীয় পরিচয়পত্রের সাথে সম্পৃক্ত থাকতে হবে।

(চলমান পাতা- ২)

৫। জনপ্রতি দৈনিক মজুরির হার-শ্রমিক ৪০০/- (চারশত) টাকা এবং সর্দার ৪৫০/- (চারশত পঞ্চাশ) যা জবকার্ডে উল্লেখ করতে হবে।

৬। ২০২৪-২০২৫ অর্থ বছরে ইজিপিপি প্লাস কর্মসূচির উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে ইজিপিপি প্লাস বাস্তবায়ন নির্দেশিকার ১৩ ও ১৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং নীতিমালা বহির্ভূত কোন উপকারভোগী নির্বাচন করা যাবে না।

৭। অত্র অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত নমুনা মোতাবেক জবকার্ড মুদ্রণ কাজ সম্পন্ন করে উপজেলাভিত্তিক বিতরণ করতে হবে এবং মুদ্রণকৃত জবকার্ডের একটি নমুনা কপি অত্র অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

৮। কাজ শুরুর পূর্বে বাস্তবায়নযোগ্য প্রকল্প তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উক্ত তালিকা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে এবং BCRSR প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে।

৯। কর্মসূচির বাস্তবায়নের কার্যক্রম মাঠপর্যায়ে মনিটরিং এর জন্য সকল উপজেলায় সংশ্লিষ্ট ট্যাগ অফিসার ২৫%, পিআইও ৪০%, ইউএনও ১০%, ডিআরআরও ১০%, ডিডিএলজি ৫% ইজিপিপি প্লাস কর্মসূচি তদারকি করবেন।

১০। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

**শর্তাবলী** :

(ক) বিভাজনকৃত অর্থ ব্যয়ে সংশ্লিষ্ট সকল বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।;
(খ) কোন প্রকল্পের কাজ ৪১ (একচল্লিশ) দিনের বেশি করা যাবে না এবং শ্রমিক মজুরি পরিশোধ করা যাবে না;
(গ) পরিপত্রের নির্দেশনার আলোকে নির্ধারিত তারিখের মধ্যে সমাপ্তি প্রতিবেদন অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে;
(ঘ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে বিদ্যামান সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণপূর্বক খরচের প্রমাণাদি সংশ্লিষ্ট উপজেলায় সংরক্ষণপূর্বক ছাড়কৃত অর্থের খরচের হিসাব বিবরণী দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

21/04/2025

(মোঃ নুরুল ইসলাম)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন: ০২-৪৮৮১০৯৯০
ই-মেইল: ffwegppreport@gmail.com

স্মারক নং ৫১.০১.০০০০.০১৩.৯৬.০০২.২৪-৪৭

তারিখ : ২৩ এপ্রিল ২০২৫ খ্রি. / ১০ বৈশাখ ১৪৩২ ব.

**অনুলিপি** : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৫। প্রকল্প পরিচালক, BCRSR প্রকল্প, মহাখালী বা/এ, ঢাকা।
৬। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [iBAS++ এ অর্থ প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো]।
৭। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (অর্থ iBAS++ এ এন্ট্রি দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৮। জেলা প্রশাসক, কক্সবাজার।

(চলমান পাতা- ৩)

৯। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১০। জেলা একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, কক্সবাজার।

১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কক্সবাজার।

১২। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া/সদর/ঈদগাঁও/কুতুবদিয়া/মহেশখালী/পেকুয়া/রামু/টেকনাফ/উখিয়া, কক্সবাজার।

১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া/সদর/ঈদগাঁও/কুতুবদিয়া/মহেশখালী/পেকুয়া/রামু/টেকনাফ/উখিয়া, কক্সবাজার।

১৪। উপজেলা একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, চকরিয়া/সদর/ঈদগাঁও/কুতুবদিয়া/মহেশখালী/পেকুয়া/রামু/টেকনাফ/উখিয়া, কক্সবাজার।

১৫। হিসাবরক্ষক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা [iBAS++ এ এন্ট্রি দেয়ার জন্য অনুরোধ করা হলো]।

১৬। সংরক্ষণ নথি।

২০/০৫/২০২৫

(মোঃ নুরুল ইসলাম)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন: ০২-৪৮৮১০৯৯০
ই-মেইল: ffwegppreport@gmail.com